

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি


নং-৪৬.০০.০০০০.০৪২.১৯.০০৭.১৯-২০০

তারিখ: ১৮ মাঘ ১৪২৭  
০১ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: জেলা পরিষদে কর্মরত সার্ভেয়ারগণ কর্তৃক বিভিন্ন প্রকল্পের পরিমাপ বা পরিদর্শনের বিষয়ে মতামত সংক্রান্ত।

সূত্র: ফরিদপুর জেলার স্মারক নং-জেপফ/প্রশা/১৯-৭৮/৪০৩; তারিখ: ২২/১০/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা পরিষদে কর্মরত সার্ভেয়ারগণ কর্তৃক বিভিন্ন প্রকল্পের পরিমাপ বা পরিদর্শনের ক্ষমতা দেয়া যায় কিনা; সেসম্পর্কিত বিষয়ে মতামত আগামী ১০(দশ) দিনের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোহাম্মদ তানভীর আজমী ছিদ্দিকী)  
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

[Email-lgzp@lgd.gov.bd](mailto:Email-lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, .....জেলা (সকল)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

১২০

স্থানীয় সরকার বিভাগ সিনিয়র সচিবের দপ্তর	
অতিরিক্ত সচিব ২) মহাপরিচালক ৩) যুগ্মসচিব ৪) যুগ্মসচিব (পরিকল্পনা)	১) প্রশাসন ২) নগর উন্নয়ন ৩) উন্নয়ন ৪) পানি সরবরাহ (পাস) ৫) উপজেলা অধিশাখা ৬) ইউপি অধিশাখা ৭) অডিট অধিশাখা ৮) আইন অধিশাখা
ডায়েরী নম্বরঃ..... তারিখঃ.....	১১/১২/২০২০



জেলা পরিষদ, ফরিদপুর।  
www.zpfaridpur.org

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- জেপফ/প্রশা/ ১২-৭৮/৪০৬

তারিখ : ২২/১০/২০২০ ইং

বিষয় : আবেদনপত্র প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : সার্ভেয়ার, জেলা পরিষদ, ফরিদপুর এর আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয়ের ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ সাইফুল ইসলাম, সার্ভেয়ার জেলা পরিষদ, ফরিদপুর ও সভাপতি বাংলাদেশ জেলা পরিষদ ডিপ্লোমা সার্ভে ইঞ্জিনিয়ার'স এসোসিয়েশন একটি আবেদন পত্র দাখিল করেছেন। তার আবেদনপত্রটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশসহ প্রেরণ করা হলো।

সংযুক্ত : ০২ (দুই) কপি।

প্রশাসন-১/২০২০/সি ও ক  
নম্বর ২৫০২ তারিখ ১৩/১০/২০

যুগ্মসচিব (প্রঃ)

২২.১০.২০২০  
(মোঃ আব্দুর রশিদ)  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, ফরিদপুর  
ফোন : ৬৩১-৬১০৩০ (অঃ)

প্রাপক : সিনিয়র সচিব

স্থানীয় সরকার বিভাগ  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ডায়েরী নং- ৩৭  
তারিখ: ১০/১২/২০২০

উপসচিব  
জেলা পরিষদ অধিশাখা

দৃষ্টি আকর্ষণ :

উপসচিব  
জেলা পরিষদ (অধিশাখা)।

অতিঃ যুগ্ম সচিব প্রশাসন/উপজেলা/অডিট  
নম্বর:..... তারিখ:.....

অতিরিক্ত সচিব (প্রশাসন)

স্থানীয় সরকার বিভাগ  
প্রাপ্তির তারিখ ০২/১২/২০  
নম্বর:.....

বরাবর,

সিনিয়র সচিব মহোদয়

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মাধ্যম : প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, ফরিদপুর।

বিষয় : স্থানীয় সরকার বিভাগের অধীন এলজিইডির ন্যায় জেলা পরিষদে কর্মরত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) এ ডিপ্লোমাদারী সার্ভেয়ারগন কে উন্নয়নমূলক কাজ পরিদর্শন করে গুণগত মান নিয়ন্ত্রন করতঃ প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করন এবং মাপ বহি লিপিবদ্ধ করনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গেজেট- সোমবার, জানুয়ারি ১৬, ২০০৬ সনের এস,আর,ও নং ০২/আইন/২০০২/ জেপশা/ বিধি-১/ ২০০৬/- জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯ নং আইন) এর ধারা ৭৩ এ প্রদত্ত ক্ষমতাবলে স্থানীয় সরকার জেলা পরিষদ কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯০ এ অধিকতর সংশোধন করিয়া সার্ভেয়ার পদে শিক্ষাগত যোগ্যতা সরকার কর্তৃক অনুমোদিত সার্ভে ইনস্টিটিউট হতে ডিপ্লোমা ১০০% সরাসরি নিয়োগের বিধান করা হয়। সাংগঠনিক কাঠামো অনুযায়ী সার্ভেয়ার কারিগরী শাখায় কর্মরত হবেন বলে নির্ধারণ হয়। অর্থাৎ বর্তমানে জেলা পরিষদে সরাসরি নিয়োগকৃত সার্ভেয়ারগন ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) পাশ। উক্ত সার্ভেয়ারগন কারিগরী শাখায় কর্মরত থাকলেও জেলা পরিষদের সম্পত্তি রক্ষনাবেক্ষনের কাজই করে থাকেন। জেলা পরিষদের সাংগঠনিক কাঠামো অনুযায়ী প্রকৌশল শাখায় একজন সহকারী প্রকৌশলী ও একজন উপ-সহকারী প্রকৌশলী দায়িত্ব পালন করেন। কিন্তু মাঠ পর্যায়ে বিভিন্ন উন্নয়নমূলক কাজের পরিধি ক্রমান্বয়ে বৃদ্ধি পাওয়ায় একজন সহকারী প্রকৌশলী ও একজন উপ-সহকারী প্রকৌশলীর পক্ষে উন্নয়নমূলক কাজের নকশা প্রণয়ন, প্রাক্কলন প্রস্তুত ও কাজের মান নিয়ন্ত্রণ করা অনেকাংশে সম্ভবপর হচ্ছে না। এসব কাজে সার্ভেয়ারগন প্রত্যক্ষ সহযোগিতা করতে পারেন। কিন্তু সার্ভেয়ারগন ডিপ্লোমা ইঞ্জিনিয়ার হওয়া স্বত্বেও সরকারী কোন আদেশ না থাকায় তারা উন্নয়ন কাজের নকশা প্রণয়ন, প্রাক্কলন প্রস্তুত ও কাজের মান নিয়ন্ত্রন তদারকি কাজে অংশগ্রহণ করতে পারছেন না। একই মন্ত্রণালয়ের অধীন এলজিইডির প্রধান প্রকৌশলী মহোদয় স্বাক্ষরিত বিগত ১৯-০১-২০২০ খ্রিঃ তারিখের এক অফিস আদেশের মাধ্যমে তাঁর দপ্তরে কর্মরত সার্ভেয়ারগন যারা ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) হিসেবে কর্মরত তারা উন্নয়নমূলক কাজ পরিদর্শন করে গুণগতমান নিয়ন্ত্রণ করতঃ প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করবেন এবং মাপ বহিতে পরিমাপ লিপিবদ্ধ করবেন মর্মে আদেশ জারি করেন।

এমতাবস্থায় মহোদয় সমীপে আকুল আবেদন একই মন্ত্রণালয়ের অধীন এলজিইডির ন্যায় জেলা পরিষদে কর্মরত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) এ ডিপ্লোমাদারী সার্ভেয়ারগনকে জেলা পরিষদের সম্পত্তি রক্ষনাবেক্ষণের পাশাপাশি উন্নয়নমূলক কাজ পরিদর্শন করে গুণগত মান নিয়ন্ত্রন করতঃ প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করার এবং মাপ বহিতে পরিমাপ লিপিবদ্ধ করার অনুমতি প্রদানে মহোদয়ের সদয় মর্জি হয়।

তারিখ: ২২/১০/২০২০খ্রিঃ

সংযুক্তঃ ০১ (এক) ফর্দ।

বিনীত



(মোঃ সাইফুর্শ ইসলাম)

সার্ভেয়ার জেলা পরিষদ, ফরিদপুর

ও

সভাপতি

বাংলাদেশ জেলা পরিষদ ডিপ্লোমা সার্ভে ইঞ্জিনিয়ার'স এসোসিয়েশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭।

[www.lged.gov.bd](http://www.lged.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র


স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.১৯.১০১.১৯-৫৯০

তারিখঃ ০২.০৯.২০২০ খ্রি/।

অফিস আদেশ

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় মাঠ পর্যায়ের বিভিন্ন উন্নয়নমূলক কাজের পরিধি ক্রমাগত বৃদ্ধি পাওয়ায় উপজেলা প্রকৌশলীর দপ্তরে কর্মরত দুইজন উপ-সহকারী প্রকৌশলী এবং একজন নস্সাকার (উপ-সহকারী প্রকৌশলী) এর পক্ষে উন্নয়নমূলক কাজের নকশা প্রণয়ন, প্রাকল্পন প্রস্তুত ও কাজের মান নিয়ন্ত্রণ করা অনেকাংশে সম্ভবপর হচ্ছে না। তাছাড়া অনেক উপজেলা প্রকৌশলীর দপ্তরে উপ-সহকারী প্রকৌশলী/নস্সাকার (উপ-সহকারী প্রকৌশলী) এর স্বল্পতা থাকায় উপজেলা পর্যায়ে অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কর্মসূচী সুষ্ঠুভাবে বাস্তবায়নসহ গুণগতমান নিয়ন্ত্রণে বিঘ্নের সৃষ্টি হচ্ছে। ইতোমধ্যে মাঠ পর্যায়ের উন্নয়নমূলক কাজের গুণগত মান নিয়ন্ত্রণের নিমিত্ত উপজেলা পর্যায়ে একজন উপ-সহকারী প্রকৌশলী ও একজন কার্যসহকারীর নতুন পদ সৃজন করা হয়েছে, কিন্তু নতুন পদে জনবল নিয়োগ করা এখনও সম্ভব হয়নি।


এমতাবস্থায়, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপজেলা পর্যায়ে অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কর্মসূচী সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা প্রকৌশলীর দপ্তরে উপ-সহকারী প্রকৌশলী/নস্সাকার (উপ-সহকারী প্রকৌশলী) এর ন্যায় সংশ্লিষ্ট দপ্তরের সার্ভেয়িং মারা ডিপ্লোমা ইন সিজিল/ডিপ্লোমা ইন সার্ভেয়িং (চলতি দায়িত্ব ব্যতীত) হিসেবে কর্মরত আছেন তার উন্নয়নমূলক কাজ পরিদর্শন করে গুণগতমান নিয়ন্ত্রণ করতে প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করবেন এবং মাপ বহিষ্ঠে পরিমাপ লিপিবদ্ধ করবেন। এ লক্ষ্যে উপজেলা প্রকৌশলী কারিগরি কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে যাবতীয় নির্মাণ কাজ তদারকির জন্য এলাকা ভিত্তিক কাজ বটন করবেন।



প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)

ফোনঃ ৯১২৪০২৭

ই-মেইলঃ [ce@lged.gov.bd](mailto:ce@lged.gov.bd)



অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে)ঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী..... বিভাগ, এলজিইডি, জেলাঃ.....।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী..... অঞ্চল, এলজিইডি, জেলাঃ.....।
- ৫। প্রকল্প পরিচালক,....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ.....।
- ৭। উপজেলা প্রকৌশলী, উপজেলা..... জেলা,.....।
- ৮। সেকশন ইনচার্জ, এমআইএস সেকশন, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। জনাব.....।



জেলা পরিষদ  
লক্ষ্মীপুর।

[www.zplakshminpur.gov.bd](http://www.zplakshminpur.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- লজেপ/প্রকৌ/২০১৮/২৩০

তারিখ: ০৭.০৩.২০১৯খ্রি:

বিষয়ঃ প্রকল্প ও উন্নয়ন কার্যক্রম গুনগতমান তদারকি প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ লক্ষ্মীপুরে কারিগরি শাখায় সহকারী প্রকৌশলীর পদটি শূন্য রয়েছে যার পায়িত্তে আপনি রয়েছেন। জেলা পরিষদের বাস্তবায়িত কাজসমূহের সকল গুনগতমান বজায় রেখে সঠিক ভাবে সম্পন্ন হচ্ছে কিনা তা তদারকির বিষয়টিও আপনার উপর বর্তায়।

এমতাবস্থায় সকল উন্নয়ন প্রকল্পের গুনগতমান নিশ্চিত হয়ে নথি উপস্থাপন করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

মোঃ মিজানুর রহমান  
সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত)/সার্ভেয়ার  
জেলা পরিষদ, লক্ষ্মীপুর।

(মীর শওকত হোসেন)  
প্রধান নির্বাহী কর্মকর্তা (অ.দাঃ)  
জেলা পরিষদ, লক্ষ্মীপুর।  
ফোন - ০৩৮১-৬২৭২০  
e-Mail: ceozplakshminpur@gmail.com

স্মারক নং- লজেপ/প্রকৌ/২০১৮/২৩০

তারিখ: ০৭.০৩.২০১৯খ্রি:

অনুলিপি সনয় অবগতির জন্য প্রেরণ করা হল:-

- ১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ২। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, লক্ষ্মীপুর।
- ৪। সহকারী প্রকৌশলী (ভারপ্রাপ্ত), জেলা পরিষদ, লক্ষ্মীপুর।
- ৫। অফিস নথি।

প্রধান নির্বাহী কর্মকর্তা (অ.দাঃ)  
জেলা পরিষদ, লক্ষ্মীপুর



## জেলা পরিষদ ফেনী।

[www.zpfeni.gov.bd](http://www.zpfeni.gov.bd)

তারিখ: ২২ জৈষ্ঠ ১৪২০ বঙ্গাব্দ  
৫ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ


অফিস আদেশ নং-জেপফে/সাঃ/বিবিধ/০৩/ ২০১৩- ২১৩

### অফিস আদেশ

ফেনী জেলা পরিষদে বর্তমানে উপ-সহকারী প্রকৌশলী পদে কোন প্রকৌশলী কর্মরত না থাকায় এবং পরিষদের সহকারী প্রকৌশলী জনাব সাকিবুল ইনাম শারীরিক এবং মানসিক ভাবে অসুস্থ থাকায় জেলা পরিষদের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প পরিদর্শন ও বাস্তবায়নে সমস্যা হচ্ছে। ইতোমধ্যে জুন মাস উপনিত বিধায় জরুরী ভিত্তিতে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনাব ইকবাল আহমেদ, সার্ভেয়ার, জেলা পরিষদ, ফেনীকে তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে পরিষদের উপ-সহকারী প্রকৌশলীর দায়িত্ব পালন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

তিনি জেলা পরিষদ, ফেনী কর্তৃক গৃহিত সকল প্রকল্প (প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং ঠিকাদার কর্তৃক বাস্তবায়িত) সরেজমিনে পরিদর্শন করে প্রাক্কলন (Estimate) অনুযায়ী প্রকল্পের গুনগত ও পরিমানগত মান নিশ্চিত করে প্রকল্প বাস্তবায়নে জেলা পরিষদের পক্ষে তদারকি করবেন এবং পরিমাপ বহি (MB) এবং নথিতে প্রকল্পের গুনগত এবং পরিমানগত মান সম্পর্কে সনদ প্রদান করবেন। তার এ সরেজমিন পরিদর্শনের জন্য তিনি পরিষদের দুটি মোটরসাইকেল এর যে কোনটি ব্যবহার করতে পারবেন এবং বিধিগাফিক দৈনিক ও ভ্রমণভাতা প্রাপ্য হবেন। বাস্তবায়িত কোন প্রকল্পে কোন ত্রুটি পরিলক্ষিত হলে তিনি তার জন্য ব্যক্তিগত ভাবে দায়ী থাকবেন।

এ আদেশ ফেনী জেলা পরিষদের স্বার্থে জারী করা হল যা অনতিবিলম্বে কার্যকর হবে।

  
(বিশ্বজিৎ ভট্টাচার্য্য ষৌকন)  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
ফোন:- ০৩৩১-৬১৪০১  
e-Mail: [ceo@zpfeni.gov.bd](mailto:ceo@zpfeni.gov.bd)


অফিস আদেশ নং-জেপফে/সাঃ/বিবিধ/০৩/ ২০১৩- ২১৩(৩)

তারিখ: ২২ জৈষ্ঠ ১৪২০ বঙ্গাব্দ  
৫ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ

### অনুলিপি:

- ১। প্রশাসক, জেলা পরিষদ, ফেনী- সদয় জ্ঞাতার্থে।
- ২। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, ফেনী- জ্ঞাতার্থে ও কার্যার্থে।
- ৩। জনাব ইকবাল আহমেদ, সার্ভেয়ার, জেলা পরিষদ, ফেনী- জ্ঞাতার্থে ও কার্যার্থে।



  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, ফেনী।